

যায়যায়দিন

তারিখ... 18 APR 2007

পৃষ্ঠা... ১২... ৬...

১০/০৪/০৭  
২৬

## প্রাথমিক শিক্ষায় ২৭টি সমস্যা চিহ্নিত করেছে ডেমক্রেসিওয়াচ

যাযদি রিপোর্ট

ডেমক্রেসিওয়াচের সার্কেল সদস্যরা ইউনিয়ন পর্যায়ে প্রাথমিক শিক্ষা সেশনের প্রতিবন্ধকতা হিসেবে ২৭টি সমস্যা চিহ্নিত করেছে। এসব সমস্যা সমাধানে তারা তিন ধাপে বেশকিছু সুপারিশ করেছে সরকারের কাছে। এতে স্টাডি সার্কেল সদস্য, উপজেলা বা জেলা প্রশাসন এবং শিক্ষা অধিদপ্তর ও শিক্ষা মহালয় কর্তৃক সমস্যা সমাধানে কি কি করণীয় তা চিহ্নিত করেছে ফোরাম সদস্যরা। গতকাল সকালে ময়মনসিংহের

পৃষ্ঠা ৬

## প্রাথমিক শিক্ষায় ২৭টি

(শেষ পৃষ্ঠার পর)

খাগড়াছড়ি ইউনিয়নে ডেমক্রেসিওয়াচের উদ্যোগে দাড়া সংস্থা এনডিআইর আর্থিক সহায়তায় নাগরিক সচেতনতামূলক কার্যক্রম স্টাডি সার্কেলের শিক্ষা বিষয়ক এক ফোরাম সভায় এসব তথ্য জানানো হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলার সহকারী কমিশনার (জমি) মনজুর মোহাম্মদ শাহরিয়ার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ জেলা শিক্ষা অফিসার সিন্ধিকা মূর্শেদ, এনডিআই বাংলাদেশ-এর স্টাডি সার্কেল প্রকল্প ব্যবস্থাপক আবদুল মোমেন, ময়মনসিংহ প্রেস ক্লাবের সাবেক সাধারণ সম্পাদক আতাউল করিম খোকন এবং খাগড়াছড়ি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওয়াকিল উদ্দিন আহমেদ স্বপন। ডেমক্রেসিওয়াচের পক্ষে স্বাগত বক্তব্য ও অনুষ্ঠান পরিচালনা করেন প্রোগ্রাম ম্যানেজার মিনহাজ আলম। অনুষ্ঠানে সমাপনী বক্তব্য ও ধন্যবাদ জ্ঞাপন করেন ডেমক্রেসিওয়াচের ডিউপিনাল কো-অর্ডিনেটর খালিদুজ্জামান খালিদ। সভায় বক্তারা স্টাডি সার্কেল পদ্ধতি অনুসরণ করে শিক্ষা ক্ষেত্রে বিরাজমান সমস্যা সমাধানের জন্য প্রস্তাবিত সুপারিশ বাস্তবায়নের মাধ্যমে ইতিবাচক পরিবর্তন আনা সহজ হবে বলে অভিমত প্রকাশ করেন। ওই শিক্ষা বিষয়ক ফোরাম সময়র সভায় অংশ নেন খাগড়াছড়ি ইউনিয়নের ২৫৮ শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক, কৃষক, বেকার, ইউপি সদস্য ও চাকরিজীবীরা। এছাড়া সেক্সাসেবী সংগঠনের নেতা এবং জেলার পুষ্টি ও ইলেক্ট্রনিক মিডিয়ায় সাংবাদিকতা উপস্থিত থেকে নাগরিক সচেতনতার এই সামাজিক কর্মসূচিকে সফল করে তোলেন।